গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমাজসেবা অফিসারের কার্যালয়
সাতক্ষীরা সদর, সাতক্ষীরা।
www.dss.satkhirasadar.satkhira.gov.bd

সভা নং- ০৯
সভার নাম - উপজেলা শিশু কল্যাণ বোর্ড এর সভা।
তারিখ- ১৮.১২.২০২৫ খ্রিঃ।
সময়- ০৩.০০ মি:
সভার স্থান- উপজেলা পরিষদ ডিজিটাল কর্ণার, সাতক্ষীরা সদর, সাতক্ষীরা।
সভাপতি- জনাব অর্ণব দত্ত, উপজেলা নির্বাহী অফিসার, সাতক্ষীরা সদর, সাতক্ষীরা।

সম্মানীত সদস্যদের উপস্থিতির হাজিরা- হাজিরা খাতায় সংরক্ষিত।

অদ্য ১৮.১২.২০২৫ খ্রীঃ তারিখ বিকাল ৩.০০ ঘটিকায় উপজেলা শিশু কল্যাণ বোর্ড এর সভা জনাব অর্ণব দত্ত, উপজেলা নির্বাহী অফিসার, সদর, সাতক্ষীরা মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভার শুরুতে সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানান। অতঃপর অত্র কমিটির সদস্য সচিব ও উপজেলা সমাজসেবা অফিসার, সাতক্ষীরা সদর, সাতক্ষীরা সভাপতির অনুমতিক্রমে সভার কার্যক্রম শুরু করেন।

প্রথমেই বিগত সভার কার্যবিবরনী পাঠ করা হয় এবং কিছু সংশোধন করা প্রয়োজন হয়। সভার কার্যবিবরণী নিম্নে ছকে দেয়া হলো।

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ০১ | নিয়মিত মাসিক সভা সম্পর্কিত। | সদস্য সচিব সভায় জানান যে, শিশু আইন ২০১৩ (সংশধিত ২০১৮) এর ০৯ ধারা মোতাবেক উপজেলা শিশু কল্যাণ বোর্ড গঠন ও ১১ এর (৩) ধারা মোতাবেক ধারাবাহিক ভাবে ও নিয়মিত প্রতি ০৩ (তিন) মাসে এক বার সভা ও সভার সিদ্ধান্ত বাস্তবায়ন করতে হবে, সে বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | শিশু আইন ২০১৩ (সংশধিত ২০১৮) এর ১১ এর (০৩) ধারা মোতাবেক ধারাবাহিক ভাবে ও নিয়মিত সভা ও সভার সিদ্ধান্ত বাস্তবায়ন করতে হবে। এ বিষয়ে সর্বসম্মিতিতে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমাজসেবা অফিসার, সদর, সাতক্ষীরা। |
| ০২ | ০২ জন পথ শিশুর বিষয় সম্পর্কিত। | সদস্য সচিব সভায় জানান যে, পূর্বের সভায় শিশু মোছাঃ খাদিজা খাতুন ও মোছাঃ রাবেয়া খাতুনকে সরকারি শিশু পরিবার (বালিকা), খুলনাতে প্রেরণের বিষয়ে সিদ্ধান্ত হয় এবং যতদিন শিশুদের প্রয়োজনীয় কাগজ সংগ্রহ করা না যায়, উক্ত সময়ে শিশুদের কোন নিরাপদ প্রতিষ্ঠানে রাখা প্রয়োজন। শিশু আইন ২০১৩ (সংশধিত ২০১৮) এর ১১ এর (০৩) মোতাবেক সাতক্ষীরা সদর উপজেলায় বালিকাদের জন্য প্রত্যয়িত প্রতিষ্ঠান না থাকায় আপাতত সাতক্ষীরা শহরের জান্নাতুল ফেরদাউস মহিলা মাদ্রাসায় (বেসরকারী) প্রতিষ্ঠানে রাখা হয় সর্ব সম্মিতিতে সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছিল। বর্তমানে তাদের সকল কাগজপত্র পাওয়া যায় এবং তাদের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | শিশু মোছাঃ খাদিজা খাতুনের মাতা মোছাঃ রত্না খাতুনের মতামত এবং প্রয়োজনীয় কাগজ সংগ্রহ পূর্বক তাকে সরকারি শিশু পরিবার (বালিকা), খুলনাতে প্রেরণের বিষয়ে সর্ব সম্মিতিতে সিদ্ধান্ত গৃহীত হয়। এবং শিশু মোছা: রাবেয়া খাতুনের নানী সকল দায়িত্ব গ্রহণ করতে চাওয়ায় শিশু পরিবার (বালিকা), খুলনাতে প্রেরনের পরিবর্তে বর্ধিত পরিবারের সদস্য নানীর নিকট হস্থান্তর করা বিষয় সর্ব সম্মতিতে সিদ্ধান্ত গৃহীত হয়। | সভাপতি ও সদস্য সচিব, উপজেলা শিশু কল্যাণ বোর্ড, সদর, সাতক্ষীরা এবং উপ-তত্ত্বাবধায়ক, সরকারী শিশু পরিবার (বালিকা), খুলনা। |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ০৩ | সুবিধাবঞ্চিত শিশু মোছাঃ সাদিয়া পারভীন সম্পর্কিত। | সদস্য সচিব সভায় জানান যে, সরেজমিনে তদন্তকালে শিশু মোছাঃ সাদিয়া পারভীন এর দাদীর সাথে কথা বলে জানা যায় যে, মোছাঃ সাদিয়া পারভীন এর পিতা মাতার মধ্যে ৫ বছর পূর্বে বিবাহ বিচ্ছেদ হয়। মাতা অন্যত্র বিবাহ করে ঘর সংসার করছে এবং শিশুর মায়ের সাথে কোন যোগাযোগ নাই। শিশুর পিতা গত ৩ বছর নিরুদ্দেশ, এমন কি পরিবারের সাথে কোন যোগযোগ করে না। শিশুর বৃদ্ধ দাদা ক্যান্সার রোগে আক্রান্ত কোন কাজ করতে পারে না এবং বৃদ্ধ দাদী অন্যের বাসায় কাজ করে সংসার চালায় । বর্তমানে দাদী শারীরিক ভাবে খুবই অসুস্থ থাকার কারণে তার সঠিক ভাবে দেখাশোনা করতে পারে না। এই কারণে শিশুর লেখাপড়া ও খাওয়া-দাওয়া প্রায় বন্ধ হওয়ার উপক্রম হয়েছে। শিশু আইনের ৮৪ ধারা ০৯ এর (২) এর (খ) মোতাবেক সুবিধাবঞ্চিত শিশু ও আইনের সংস্পর্শে আসা শিশুদের জন্য বিকল্প পরিচার্যার প্রয়োজন। সে বিষয় নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | বিস্তারিত আলোচনা শেষে সরকারি শিশু পরিবার নীতিমালা অনুযায়ী সরকারি শিশু পুরিবারে ভর্তির বয়স ৬ থেকে ৯ বছর। শিশু মোছাঃ সাদিয়া পারভীন এর বয়স ১১ বছর ১০ মাস (জন্ম সনদ আনুযায়ী) হওয়ায় সরকারি শিশু পুরিবারে ভর্তি করা সম্ভাব না হওয়ায়। সমন্বিত শিশু পুনর্বাসন কেন্দ্র, খুলনাতে প্ররণের বিষয়ে সর্বসম্মতিতে সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>পরবর্তিতে শিশু মোছাঃ সাদিয়া পারভীনকে সমন্বিত শিশু পুনর্বাসন কেন্দ্র, খুলনা থেকে সরকারী শিশু পরিবার (বালিকা), খুলনাতে প্রেরণের বিষয়ে বিষয়ে সুপারিশ করা হয়। | সভাপতি ও সদস্য সচিব, উপজেলা শিশু কল্যাণ বোর্ড, সদর, সাতক্ষীরা এবং প্রকল্প উপপরিচালক, সমন্বিত শিশু পুনর্বাসন কেন্দ্র, খুলনা ও উপ-তত্ত্বাবধায়ক, সরকারী শিশু পরিবার (বালিকা), খুলনা। |
| ০৪ | সেল্টার হোমের জন্য একটা ফান্ড গঠন সম্পর্কিত। | বোর্ডের অন্যতম সম্মানীত সদস্য জনাব আব্দুল হাই জানান যে, ১৮ বছরের নিচে শিশুদের সেল্টার হোমের জন্য একটা ফান্ড গঠন করতে হবে। যা শিশুদের কল্যাণে ব্যয় করা হবে, এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | উপজেলা সদর, সাতক্ষীরাতে অবস্থিত বিভিন্ন এনজিওর মাধ্যমে সেল্টার হোমের ফান্ড সংগ্রহ করতে হবে বিষয়ে সর্ব সম্মতিতে সিদ্ধান্ত গৃহীত হয়। | সভাপতি ও সদস্য সচিব, উপজেলা শিশু কল্যাণ বোর্ড, সদর, সাতক্ষীরা। |
| ০৫ | ২ জন শিশু পরিবহন ব্যয় প্রসঙ্গে। | বোর্ডের অন্যতম সম্মানীত সদস্য জনাব সাকিবুর রহমান বাবলা জানান যে, শিশু মোছাঃ খাদিজা খাতুনকে সরকারি শিশু পরিবার (বালিকা), খুলনা এবং মোছাঃ সাদিয়া পারভীনকে সমন্বিত শিশু পুনর্বাসন কেন্দ্র, খুলনাতে প্রেরণ করার জন্য পরিবহন খরচ প্রয়োজন এবং অন্যান্য ব্যয় নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | বিস্তারিত আলোচনা শেষে শিশুদের খুলনাতে প্রেরণের সকল ব্যয় ব্রেকিং দ্যা সাইলেন্স সাতক্ষীরা শাখার ইনচার্জ জনাব মোঃ শরিফুল ইসলাম প্রদান করবে বলে জানান এ বিষয়ে সর্বসম্মতিতে সিদ্ধান্ত গৃহীত হয়। | মোঃ শরিফুল ইসলাম, ইনচার্জ, ব্রেকিং দ্যা সাইলেন্স, সাতক্ষীরা। |

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্ত ঘোষণা হয়।

তারিখ- ১৮.১২.২০২৫ খ্রীঃ

Datta 18/12/2025

অর্ণব দত্ত
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা শিশু কল্যাণ বোর্ড
সাতক্ষীরা সদর, সাতক্ষীরা।

CamScanner